প্রিয় পিতামাতা/পরিচর্যাকারী

সম্প্রতি ঘটে যাওয়া বেদনাদায়ক ঘটনাটি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আমাদের স্কুলের শিক্ষার্থীদের প্রভাবিত করতে পারে। আমাদের সহানুভূতি সেই সমস্ত পরিবার এবং বন্ধুদের সাথে যারা এই দুঃখজনক ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

আজ এবং আগামী সপ্তাহগুলোতে, আপনি এবং আপনার সন্তান/সন্তানরা বিভিন্নভাবে প্রভাবিত হতে পারেন, কারণ প্রত্যেকে ভিন্ন ভিন্নভাবে প্রতিক্রিয়া জানাবে। অনেকে খুব আবেগপ্রবণ হয়ে উঠতে পারে, কেউ হয়তো কথা বলতে চান, আবার অনেকে বলতে চাইবে না। প্রতিক্রিয়া সময়ের সাথে সাথে পরিবর্তন হতে পারে, যা এই জাতীয় ঘটনার ক্ষেত্রে স্বাভাবিক। আমি চাই আপনি আপনার সন্তান/ সন্তানদের জানান যে যখনই তারা তাদের বিষয়ে আলোচনা করতে চায় আপনি তাদের সমস্যাগুলো শোনার জন্য পাশে আছেন।

শিশু এবং তরুণদের কাছে প্রচারের জন্য দুটি গুরুত্বপূর্ণ বার্তা হল:

- আমরা যখন হতাশ বা অসহায় বোধ করি তখন আমাদের সবারই অন্যের কাছ থেকে সাহায্য নেওয়া উচিত।
- আপনি যদি কোনও বন্ধু বা নিজেকে নিয়ে উদ্বিগ্ন হন তবে কোনও বিশ্বস্ত প্রাপ্তবয়স্ককে জানানো গুরুত্বপূর্ণ।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে সংযুক্ত প্রচারপত্র বা ফ্লায়ারটি দেখুন 'শিশু এবং তরুণদের বেদনাদায়ক ঘটনাগুলো মোকাবেলায় সহায়তা করা'। যদি প্রয়োজনীয়তা দেখা দেয় তবে আমরা আপনাকে এই প্রচারপত্রে তালিকাভুক্ত যে কোনও পরিষেবা ব্যবহার করতে উৎসাহিত করি।

স্কুল কাউন্সেলিং কর্মীদের সহায়তা সহ বিভিন্ন ধরনের অতিরিক্ত সহায়তা আমাদের স্কুলে পাওয়া যেতে পারে। আপনার সন্তানের অতিরিক্ত সহায়তার প্রয়োজন হলে, অনুগ্রহ করে তার অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

স্কুলের সাথে যোগাযোগ করার জন্য আপনার যদি দোভাষী সহায়তার প্রয়োজন হয় তবে অনুগ্রহ করে 131 450 নম্বরে কল করুন, অপারেটরকে আপনার কী ভাষা প্রয়োজন তা বলুন ও তাদেরকে স্কুলে ফোন করতে বলুন। আপনার কথোপকথনে আপনাকে সহায়তা করার জন্য অপারেটর লাইনে একজন দোভাষীর ব্যবস্থা করবেন। এই পরিষেবার জন্য আপনাকে কোনও অর্থ দিতে হবে না।

আপনার বিশ্বস্ত

অধ্যক্ষ